

ঢাকা বিশ্ববিদ্যালয়

আইন অনুষদের ডিন পদ ফিরে পেলেন অধ্যাপক রহমতুল্লাহ



অধ্যাপক ড. মো. রহমতুল্লাহ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

প্রকাশ: ০৮ মে ২০২৪ | ০০:৩০ | আপডেট: ০৮ মে ২০২৪ | ০০:৩৬



ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের ডিন পদ ফেরত পেয়েছেন অধ্যাপক ড. মো. রহমতুল্লাহ। হাইকোর্টের রায় মেনে তাকে ডিনের দায়িত্ব ফিরিয়ে দেওয়া হয়েছে।

মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরাম সিন্ডিকেটের এক সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় ঢাবি উপাচার্য অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল সভাপতিত্ব করেন।



নাম প্রকাশ না করার শর্তে এক সিন্ডিকেট সদস্য বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি সমকালকে বলেন, হাইকোর্টের রায় থাকায় ওনার ডিন পদ ফিরিয়ে দেওয়া হয়েছে।

এর আগে ২০২২ সালের এপ্রিলে বিশ্ববিদ্যালয়ের এক সিন্ডিকেট সভায় খন্দকার মোশতাক আহমদের প্রতি শ্রদ্ধা জানানোর অভিযোগে ড. মো. রহমতুল্লাহকে বিশ্ববিদ্যালয়ের সব ধরনের প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম থেকে অব্যাহতি দেওয়া হয়। পাশাপাশি তাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান এবং একটি তদন্ত কমিটি গঠন করা হয়।

একই বছরের ১৭ এপ্রিল ঢাকা বিশ্ববিদ্যালয়ে ঐতিহাসিক মুজিবনগর দিবসের আলোচনা সভায় মুজিবনগর সরকারের অন্যান্য নেতার পাশাপাশি খন্দকার মোশতাকের প্রতি শ্রদ্ধা জানিয়ে বক্তব্য দেন অধ্যাপক রহমতুল্লাহ।

এ নিয়ে ব্যাপক সামালোচনা শুরু হয়। পরে তার বক্তব্যকে কেন্দ্র করে উদ্ভূত পরিস্থিতিতে বিবৃতি দেয় ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি।

পরবর্তীতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের খুনি ও বিশ্বাসঘাতক খন্দকার মোশতাককে শ্রদ্ধা জানানো অনিচ্ছাকৃত ভুল বলে দুঃখ প্রকাশ করে আনুষ্ঠানিক ক্ষমা প্রার্থনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির তৎকালীন সভাপতি অধ্যাপক ড. মো. রহমতুল্লাহ।